

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭০১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০৯. সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রম করা নিষেধ

باب مَا يُنْهَى عَنْهُ مِنَ الْمُرُورِ بَيْنَ يَدَى الْمُصلِّي

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِك، عَنْ أَبِي النَّصْر، مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللهِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، أَنَّ زَيْدَ بْنَ خَالِدِ الْجُهَنِيَّ، أَرْسَلَهُ إِلَى أَبِي جُهَيْمٍ يَسْأَلُهُ مَاذَا سَمِعَ مِنْ، رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي الْمَارِّ بَيْنَ يَدَى الْمُصلِّي فَقَالَ أَبُو جُهَيْمٍ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَى الْمُصلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرٌ لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَى النَّصْرِ لَا أَدْرِي قَالَ أَرْبَعِينَ يَوْمًا أَوْ شَهْرًا أَوْ سَنَةً .

_ صحیح : ق

বাংলা

৭০১। বুসর ইবনু সাঈদ সূত্রে বর্ণিত। যায়িদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ) তাকে আবৃ জুহায়িম (রাঃ)-এর নিকট পাঠালেন- সালাত আদায়কারীর সামনে দিয়ে গেলে কি (পরিমাণ অন্যায়) হবে এ সম্পর্কে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে যা শুনেছেন তা জিজ্ঞেস করার জন্য। আবৃ জুহায়িম (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রমকারী যদি জানত যে, এ কারণে তাকে কত মারাত্মক শাস্তি ভোগ করতে হবে, তাহলে সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রম করার চেয়ে চল্লিশ (দিন) দাঁড়িয়ে থাকাও অধিকতর উত্তম মনে করত। আবৃন নাদর বলেন, আমার স্মরণ নেই যে, তিনি চল্লিশ দিন, মাস, না বছর বলেছেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Narrated Abu Juhaim:



The Messenger of Allah() as saying: "If one who passes in front of a man who is praying knew the responsibility he incurs, he would prefer to stand still for forty. . . rather than pass in front of him. Abu al-Nadr said: I do not know whether he said forty days, or months, or years."

Abu Dawud: Sufyan al-Thawri said: If a man passes proudly in front of me while I am praying, I shall stop him, and if a weak man passes, I shall not stop him.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুসল্লীর সম্মুখ অতিক্রমকারীর গুনাহ, হাঃ ৫১০), মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুসল্লীর সম্মুখ দিয়ে অত্রিকমকারীকে বাধা দান), সকলে মালিক সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বুসর ইবনু সা'ঈদ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন